

উপজেলা পরিষদ কার্যালয়
সৈয়দপুর, নীলফামারী

স্মারক নং -

তারিখ : ০৩ অক্টোবর, ২০২১খ্রিঃ

বিষয় : উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির সাধারণ সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৬/১০/২০২১ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ৯.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির সাধারণ সভা অনুষ্ঠিত হবে ।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।



(মোছাঃ সানজিদা বেগম লাকী)

সভাপতি

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি

ও

ভাইস-চেয়ারম্যান (মহিলা)

উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী ।

প্রাপক,

- ১। সদস্য সচিব, প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি ও
উপজেলা শিক্ষা অফিসার, সৈয়দপুর, নীলফামারী ।
- ২। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ, সৈয়দপুর, নীলফামারী ।
- ৩।সৈয়দপুর, নীলফামারী ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, নীলফামারী ।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সৈয়দপুর, নীলফামারী ।
- ৫। অফিস কপি ।



(মোছাঃ সানজিদা বেগম লাকী)

সভাপতি

উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি

সৈয়দপুর, নীলফামারী ।

সৈয়দপুর উপজেলা পরিষদ
জেলাঃ নীলফামারী

স্মারক নংঃ

তারিখঃ ০৬/১০/২০২১খ্রিঃ

উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মোছাঃ সানজিদা বেগম লাকী
ভাইস চেয়ারম্যান (মহিলা)
উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

সভার তারিখ : ০৬ অক্টোবর, ২০২১খ্রিঃ

সময় : ০৯.৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, সৈয়দপুর, নীলফামারী।

উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য কমিটির সদস্য সচিব ও উপজেলা শিক্ষা অফিসার কে অনুরোধ জানান। উপজেলা শিক্ষা অফিসার উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃষ্টিকরণ করা হয়।

২। আলোচ্য বিষয়-০২ঃ প্রাথমিক ও গণশিক্ষা কমিটির কার্যক্রম পর্যালোচনা

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, সকল শিক্ষা প্রতিষ্ঠানে চলমান করোনাভাইরাসের প্রভাব বিস্তার রোধে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক হ্যান্ড স্যানিটাইজার, সাবান ও মাস্ক পরিধানের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সকল শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা শিক্ষা অফিসার, সৈয়দপুর

৩। আলোচ্য বিষয়-০৩ঃ ডিজিটাল কন্টেন্ট তৈরী এবং বিভিন্ন অ্যাপস ও তথ্য প্রযুক্তির ব্যবহার সম্পর্কে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের হাতে-কলমে প্রশিক্ষণ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
সভার সদস্য সচিব সভায় জানান যে, মানসম্মত শিক্ষা বাস্তবায়নে প্রশিক্ষণের কোন বিকল্প নেই। একজন শিক্ষককে সুদক্ষ হিসেবে গড়ে তোলার জন্য প্রশিক্ষণ প্রয়োজন। প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষককে হাতে-কলমে প্রযুক্তিগত বিষয়বস্তু সম্পর্কে সুস্পষ্ট ধারণা দেওয়া সম্ভব। প্রশিক্ষণ পেলে একজন শিক্ষক কর্মক্ষেত্রে অসামান্য অবদান রাখতে পারবে। শুধু কর্মক্ষেত্রেই নয়, সমাজ ও দেশ সেবায় অবদান রাখতে সক্ষম। তাছাড়া প্রশিক্ষণ পেলে একজন শিক্ষার্থী শিক্ষকের মাধ্যমে পারিবারিক ভাবে ছোট খাটো বিষয়ে মা-বাবাকে সাহায্য করতে পারবে। তাই যুগোপযোগী আধুনিক শিক্ষা প্রযুক্তির সাথে পরিচিত হওয়া ও বাস্তব জীবনে প্রয়োগের জন্য হাতে কলমে তা শেখার ক্ষেত্রে প্রশিক্ষণ অনস্বীকার্য।	জনগুরুত্বপূর্ণ বিবেচনায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপ-প্রকল্পটি উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটির সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা অফিসার, সৈয়দপুর

উপ-প্রকল্প যেসব সমস্যার সমাধান করবে/চাহিদা মেটাবেঃ

- শিক্ষকের পেশাগত দক্ষতা বৃদ্ধি পাবে।
- অফিস বা দাপ্তরিক তথ্য আদান-প্রদান করতে পারবে।
- কোভিড-১৯ বা অন্য কোন প্রাকৃতিক বিপর্যয়ের কারণে বিদ্যালয় বন্ধ থাকায় শিক্ষামূলক বিভিন্ন অ্যাপস এর মাধ্যমে শিক্ষার্থীদের পড়া-শুনা চালিয়ে নেওয়া সম্ভব হবে।
- অনলাইন ক্লাস করা এবং ঐ ক্লাস আপলোড দিতে পারবে।
- ডিজিটাল কনটেন্টের মাধ্যমে আনন্দঘন পরিবেশে আকর্ষণীয় ভাবে পাঠ উপস্থাপন করতে পারবে।

৪। অতপরঃ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোছাঃ সানজিদা বেগম লাকী)
সভাপতি

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি
ও

ভাইস-চেয়ারম্যান (মহিলা)
উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসার-এর কার্যালয়
সৈয়দপুর, নীলফামারী।

স্মারক নং-

তারিখঃ ০৬/১০/২০২১খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, নীলফামারী।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।
- ৪। উপজেলা নিবাহী অফিসার, সৈয়দপুর, নীলফামারী।
- ৫। উপজেলা..... কর্মকর্তা, সৈয়দপুর, নীলফামারী।
- ৬। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।
- ৭। অফিস কপি।



(মোঃ শাহজাহান মন্ডল)

সদস্য সচিব

উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি
ও

উপজেলা শিক্ষা অফিসার
সৈয়দপুর, নীলফামারী।